

## শেখ রাসেল পদক নীতিমালা ২০২২ (খসড়া) এর

### পুরস্কার পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলীঃ

১. আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্র বাতিলের ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক বাতিল করতে হবে;
৩. কোনো পুরস্কারের ক্ষেত্রে কাঙ্ক্ষিত মানসম্পন্ন কোনো আবেদন পাওয়া না গেলে, সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান ঐ বছরের জন্য স্থগিত থাকবে;
৪. পুরস্কার প্রদানের ক্ষেত্রে আবেদনের বছর হতে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছরের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকান্ড বিবেচনায় নিতে হবে;
৫. এ নীতিমালায় উল্লেখিত মূল্যায়ন ছক অনুসরণপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে;
৬. মূল্যায়নের সকল ক্ষেত্রে প্রমাণক বিবেচনায় নিতে হবে;
৭. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, পরবর্তীতে পুরস্কারপ্রাপ্ত ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান ঐ একই উদ্ভাবন বা অবদানের জন্য আর বিবেচিত হবেন না;
৮. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৯. এই পুরস্কার কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এবং
১০. সময়ে সময়ে যথাযথ কর্তৃপক্ষ মূল্যায়ন ছক এবং আবেদন ফরম সংযোজন, বিয়োজন এবং পরিবর্তন করতে পারবে।

মোহাম্মদ আবুল হাশেম  
উপসচিব  
পরিচালক (অর্থ এবং প্রশাসন)  
৩পা ও মোনামোহাম প্রযুক্তি অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা-১২০৭